# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 29-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

----------------------------------------

১) আসাম সরকার পুলিশ এবং বিভিন্ন সেচ্ছাসেবী সংগঠনের সহযোগিতায় রাজ্যকে মাদকদ্রব্য থেকে মুক্ত করা সহ যুব প্রজন্মের মধ্যে মাদকদ্রব্যের আশক্তি হ্রাস করতে বিশেষ ব্যবস্থা নেবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ ।

২) গৌহাটি বিশ্ববিদ্যালয়ের স্নাতক পরীক্ষায় নম্বর জালিয়াতির সঙ্গে জড়িত থাকার অভিযোগে ৮ জনকে আটক ।

৩) নেশন্যাল টেষ্টিং এজেন্সি ( এন টি এ )র বাতিল হওয়া এবং পিছিয়ে দেওয়া বিভিন্ন পরীক্ষার নতুন সূচী ঘোষণা

এবং

৪) আসামের বন্যা পরিস্থিতি প্রায় স্বাভাবিক হয়ে এলেও রাজ্যের মোট ১২৯ টি আশ্রয় শিবিরের মধ্যে শুধুমাত্র করিমগঞ্জ জেলায় স্থাপন হওয়া ১০৩ টি শিবিরে এখনো ১৩ হাজারেরও বেশি বন্যা দুর্গত লোক আশ্রিত/

------------------------------------------------------------------------

আসাম সরকার রাজ্যকে মাদক দ্রব্য মুক্ত করতে প্রচেষ্টা অব্যাহত রেখেছে এবং বিগত সময়ে আসাম পুলিশের সহযোগিতায় এইক্ষেত্রে যথেষ্ট সাফল্য লাভ করেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ এই বিষয়ে জানিয়েছেন যে- রাজ্যসরকার আসাম পুলিশ এবং বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের সহযোগিতায় রাজ্যের থেকে মাদক দ্রব্য সরবরাহ এবং যুব প্রজন্মের মধ্যে মাদক দ্রব্যের প্রতি আসক্তি হ্রাস করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে । উল্লেখ্য- মুখ্যমন্ত্রী আজ জানিয়েছেন যে- আসামে ২০২৩-২৪ বর্ষে সাত হাজার ২৭৪ জন এইচ আই ভি পজিটিভ ব্যক্তি সনাক্ত হয়েছে । এদিকে সনাক্ত হওয়া লোকেদের মধ্যে ইঞ্জেকশনের মাধ্যমে মাদক দ্রব্য গ্রহণ করা লোক প্রায় ৬৫ শতাংশ বলে প্রকাশ করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আজ এই বিষয়ে জানিয়ে আরো বলেছেন যে- আসাম সরকার রাজ্যটিকে মাদক দ্রব্য মুক্ত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে । তিনি বলেন যে- মোট এইচ আই ভি পজিটিভ সনাক্ত হওয়া লোকেদের মধ্যে মাদক দ্রব্য গ্রহণ করার ফলে ৬৫ শতাংশ আক্রান্ত হওয়ার বিষয়টি উদ্বেগজনক । উল্লেখ্য- গতবছর সর্বভারতীয় পর্যায়ে এইচ আই ভি আক্রান্ত হয়ে ৩৫ হাজার ৮৬৬ জন লোকের মৃত্যু হয়েছে । এবং এরমধ্যে আসামে এই রোগে ৩৩৭ জনের মৃত্যু হয়েছে । অন্যদিকে গতবছরের তথ্য অনুযায়ী রাজ্যে ৩২ হাজারেরও বেশি লোকের দেহে এইচ আই ভি পজিটিভের ভাইরাস সনাক্ত হয়েছে । বর্তমানে সমগ্র দেশে এই সংখ্যা ২৫ লক্ষ ৪৪ হাজার ৩৬৪ বলে পরিসংখ্যানে জানা গেছে ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা ১১টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে এই অনুষ্ঠানের ১শো ১১তম পর্ব । এছাড়া , শ্রী মোদীর পর পর তৃতীয় বারের জন্য কার্যভার গ্রহণ করার পর এটি হবে এই অনুষ্ঠানের প্রথম পর্ব ।

আকাশবাণী , দূরদর্শনের সব নেটওয়ার্ক সহ আকাশবাণীর ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী , দূরদর্শন ছাড়াও প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও

সম্প্রচার মন্ত্রনালয়ের ইউটিউব চ্যানেল যোগেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণীতে প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠান সরাসরি প্রচার হওয়ার অব্যবহিত পরই এই অনুষ্ঠানের আঞ্চলিক অনুবাদ প্রচার করা হবে ।

--------------------------------------------------------------------------------

নেশন্যাল টেষ্টিং এজেন্সি ( এন টি এ ) বাতিল হওয়া এবং পিছিয়ে দেওয়া বিভিন্ন পরীক্ষার নতুন সূচী ঘোষণা করেছে । সংস্থার জারী করা এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে বিশ্ববিদ্যালয় অনুদান কমিশনের জাতীয় যোগ্যতা নিরূপণ পরীক্ষা , ইউ-জি-সি নেট জুন - ২০২৪ , আগামী ২১ আগষ্ট থেকে চৌঠা সেপ্টেম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে । গত ১৮ জুন এই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রনালয় ওই পরীক্ষা সম্পর্কে বিভিন্ন অভিযোগ লাভ করে , এর পরই পরীক্ষা বাতিল বলে ঘোষণা করা হয়েছিল । অন্যদিকে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে স্থগিত রাখা সংযুক্ত সি-এস-আই-আর ইউ জি সি নেট জুন - ২০২৪-২৫ আগামী ২৭ জুলাই অনুষ্ঠিত হবে বলেও সংস্থা ঘোষণা করেছে । অনুরূপ ভাবে চার বছরব্যাপী সংহত শিক্ষক-শিক্ষা কার্যসূচি ( আই টি ই পি )-তে নাম ভর্তীর জন্য জাতীয় যুগ্ম প্রবেশ পরীক্ষা এন-সি-ই-টি আগামী ১০ জুলাই অনুষ্ঠিত হবে । এই পরীক্ষাও বিভিন্ন করণে পিছিয়ে দেওয়া হয়েছিল । এন টি এ জানিয়েছে যে সর্বভারতীয় আয়ুষ স্নাতকোত্তর প্রবেশ পরীক্ষা পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী আগামী ৬ জুলাই অনুষ্ঠিত হবে । বিস্তারিত বিবরণের জন্য সংস্থার ওয়াবসাইট পরিদর্শন করতে বলা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

গৌহাটি বিশ্ববিদ্যালয়ে সংঘটিত স্নাতক পরীক্ষার নম্বর জালিয়াতিতে জড়িত থাকার অভিযোগে আসাম পুলিশের অনুসন্ধান বিভাগ এবং বরপেটারোড পুলিশ যৌথ ভাবে ৮ জনকে আটক করেছে । ধৃতদের  বরপেটা , ধুবরী এবং গৌহাটি থেকে আটক করা হয়েছে । বর্তমানে তাদের বরপেটারোড থানায় জিজ্ঞাসাবাদ করা হচ্ছে । তবে পুলিশ এখনও এই সম্পর্কে কোন ধরণের তথ্য প্রকাশ করে নি ।

--------------------------------------------------------------------------------

চাপাতার গুণগত মান পরীক্ষা করতে রাজ্য সরকারের উদ্যোগে আজ প্রথম

ভ্রাম্যমান পরীক্ষণ বাহনটি চালু করা হয়েছে। রাজ্যের শিল্প, বাণিজ্য ও সরকারী প্রতিষ্ঠান বিভাগের মন্ত্রী বিমল বরা চরাইদেও জেলার মথুরাপুর চাবাগানে এই পরীক্ষণ বাহনের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন । কৃষি বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে- এই বাহনটি কৃষকদের বেশকয়েকটি দিকে লাভবান করবে । প্রথমতঃ- এই পরীক্ষণের সুবিধা ভারতের খাদ্য সুরক্ষা এবং খাদ্যের মানকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্ধারণ করে দেওয়া নিয়মের একশো শতাংশ মেনে চলার বিষয়টি নিশ্চিত করবে । দ্বিতীয়তঃ- সবুজ চাপাতা এবং প্রক্রিয়াকৃত চাপাতার উচিত মূল্য লাভের ক্ষেত্রেও তা সহায়ক হবে । পরীক্ষণ বাহনটি আসামের চায়ের রপ্তানি বৃদ্ধির ক্ষেত্রে সহায়তা করবে বলে আশা করা হচ্ছে ।

--------------------------------------------------------------------------------

যোরহাটের সেনা ছাউনীতে গত বছরের গ্রেনেড নিক্ষেপের ঘটনার সঙ্গে জড়িত ৩ অভিযুক্তকে আজ জাতীয় তদন্তকারী সংস্থা ( এন আই এ )-র আদালতে হাজির করা হয়েছে । অভিযুক্তরা হলেন বিপ্লব বড়ুয়া , বিরাজ কাছারী এবং অচ্যুৎ গগৈ । আজ এই তিন জনকে আদালতে হাজির করে মামলার প্রতিলিপি প্রদান করা হয় । এন আই এর অভিযোগনামায় উল্লেখিত আরো এক ব্যাক্তি পলাতক বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে । উল্লেখ্য যে জাতীয় তদন্তকারী সংস্থা গত বুধবার উগ্রপন্থী সংগঠন আলফার এই চারজন সদস্য গত বছর যোরহাটের একটি সামরিক ঘাটিতে গ্রেনেড নিক্ষেপ করেছিল বলে তাদের বিরুদ্ধে অভিযোগনামা দাখিল করেছিল ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের বন্যা পরিস্থিতি প্রায় স্বাভাবিক হতে শুরু করলেও করিমগঞ্জ ও কাছাড় সহ রাজ্যের পাঁচটি জেলার ৩৮৩ টি গ্রামের ৪১ হাজারেরও বেশি লোক এখনো বন্যার কবলে রয়েছেন । অন্য জেলাগুলি হচ্ছে- বড়পেটা, ধেমাজি এবং কামরূপ । ১২৯টি ত্রাণ শিবিরে ১৪ হাজারেরও বেশি লোক আশ্রয় নিয়ে রয়েছেন । এরমধ্যে করিমগঞ্জ জেলায় স্থাপন করা সর্বাধিক ১০৩ টি আশ্রয় শিবিরে ১৩ হাজারেরও বেশি লোক আশ্রয় নিয়ে আছেন । করিমগঞ্জ ছাড়াও

কাছাড়, কামরূপ, বড়পেটা ও ধেমাজি জেলার বিভিন্ন অঞ্চল এখনো প্লাবিত হয়ে রয়েছে । এবারের বন্যায় প্রায় ৮৫ হাজার পশুধনের ক্ষতি হয়েছে ।

---------------------------------------------------------------------------

টি -২০ ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে আজ ভারত দক্ষিন আফ্রিকার মুখোমুখী হবে । আজ কেনিংগটন ওভাল ব্রিজটাউন বারবাডোজে আয়োজিত বিশ্বকাপ ফাইনাল রাত আটটায় শুরু হবে ।সমগ্র দেশের সংগে হাইলাকান্দি জেলায় ও এই ফাইনাল খেলাকে কেন্দ্র করে উৎসব মুখর পরিবেশের সৃষ্টি হয়েছে । জেলার বিদ্যালয়গুলির ছাত্র ছাত্রীরা ভারত যাতে ফাইনালে জয়লাভ করতে পারে সেজন্য প্রার্থনা করা সহ অধীর আগ্রহ নিয়ে খেলা শুরু হোয়া পর্যন্ত অপেক্ষায় রয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জের শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত এক আদেশে জানিয়েছেন যে বরাক উপত্যকা ছাড়া আসামের সব জেলায় গ্রীষ্মের ছুটি পয়লা জুলাই থেকে ৩১ শে জুলাই পর্যন্ত চলবে । ঐ আদেশে মাধ্যমিক শিক্ষার শিক্ষা বর্ষপঞ্জি অনুসারে করিমগঞ্জ জেলার উচ্চ ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে গ্রীষ্মের ছুটি ৬ জুলাই থেকে ৩১ শে জুলাই পর্যন্ত চলবে । এছাড়া প্রাথমিক শিক্ষার বর্ষপঞ্জি অনুসারে জেলার নিম্ন প্রাথমিক ও মধ্য ইংরেজী বিদ্যালয়ে গ্রীষ্মের ছুটি ৭ জুলাই থেকে ৩১ শে জুলাই পর্যন্ত চলবে ।তবে গ্রীষ্মের ছুটির কয়েকদিন দূর্গাপূজার ছুটির দিনের সংগে যোগ করে পূজার ছুটির দিন বৃদ্ধি করা হয়েছে ।সেই অনুসারে মাধ্যমিক শিক্ষার বর্ষপঞ্জিতে ১ থেকে ৫ ই জুলাই পর্যন্ত গ্রীষ্মের ছুটি চলতি বছরের ১৪ অক্টোবর থেকে ১৮ ই অক্টোবর পর্যন্ত দূর্গাপূজার ছুটির সংগে যোগ করে দেওয়া হয়েছে ।একই ভাবে প্রাথমিক শিক্ষার বর্ষপঞ্জিতে জেলার ১ থেকে ৬ ই জুলাই পর্যন্ত গ্রীষ্মের ছুটি ১৪ অক্টোবর থেকে ১৯ শে অক্টোবর পর্যন্ত দূর্গা পূজার ছুটির সংগে যোগ করে দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------

রাজ্য ক্রীড়া এবং যুব পরিক্রমা সঞ্চালকালয় থেকে নিয়মিত ক্রীড়া পেনশন পাওয়ার জন্য করিমগঞ্জের জেলা ক্রীড়া আধিকারিকের কার্যালয় খেলোয়াড়দের

থেকে আবেদন পত্র আহ্বান করেছে । অলিম্পিক গেমস , কমনওয়েলথ গেমস , অলিম্পিকে অনুমোদিত ক্রীড়ার বিশ্ব চ্যাম্পিয়ান এবং জাতীয় স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় পদক বিজয়ী রাজ্যের স্থায়ী বাসিন্দা খেলোওয়াড়রা এই পেনসনের জন্য আবেদন করতে পারবেন । ক্রীড়া পেনসন লাভে ইচ্ছুক প্রার্থীদের নির্ধারিত ফরমেটে করিমগঞ্জের জেলা ক্রীড়া কার্যালয়ে আগামী ১০ জুলাইর মধ্যে আবেদন করতে হবে ।

---------------------------------------------------------------------------